# জুলাইযোদ্ধা পরিচয়ের আড়ালে অপকর্মের অভিযোগ মির্জা ফখরুলের



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

জুলাইযোদ্ধা পরিচয়ের আড়ালে অপকর্মের অভিযোগ মির্জা ফখরুলের

বৃহস্পতিবার (৩০ জুলাই) সকালে জুলাই শহীদ দিবস উপলক্ষে তথ্য ভবনে আয়োজিত প্রকাশনার মোড়ক উন্মোচন ও আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, স্বাধীনতার ৫৫ বছর পরও দেশের মানুষের জীবনমানের উল্লেখযোগ্য উন্নয়ন না হওয়া অত্যন্ত দুর্ভাগ্যজনক। তার ভাষ্য, ক্ষমতায় গেলে শাসকদের মধ্যে ক্ষমতা আঁকড়ে ধরে রাখার একটি প্রবণতা তৈরি হয়। এই রাজনৈতিক সংস্কৃতির পরিবর্তনের লক্ষ্যেই জুলাই আন্দোলনে তরুণরা রক্ত দিয়েছেন।

তিনি আরও বলেন, জুলাইয়ের আত্মত্যাগের চেতনা ধারণ করে সমাজ পরিবর্তনের উদ্যোগ না নিলে সেই ত্যাগ বৃথা যাবে। বিএনপি একটি বৈষম্যহীন ও পরিবর্তিত সমাজ গঠনে কাজ করতে চায় বলেও উল্লেখ করেন তিনি।

এদিকে, জুলাই আন্দোলনকে কেন্দ্র করে কেউ যেন ব্যক্তিস্বার্থ বা ব্যবসার সুযোগ সৃষ্টি করতে না পারে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন।